

**২০২০ সালের ডিগ্রী পাস কোর্স পরীক্ষার (২য় বর্ষ) ফরম পূরণের বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের ফরম পূরণের নির্ধারিত তারিখ নিম্নরূপ:

ফরম পূরণের তারিখ : ০৮/০২/২০২২ খ্রি.।

নির্দিষ্ট তারিখের পর আর কোন আবেদন ফরম পূরণ করা যাবে না। কলেজের যাবতীয় পাওনা পরিশোধ সাপেক্ষে পরীক্ষার আবেদন ফরম পূরণের সময় দেয় টাকার পরিমাণ :

| ক্রমিক নং | বিবরণ                                 | নিয়মিত | মানউন্নয়ন       |
|-----------|---------------------------------------|---------|------------------|
| ১         | পরীক্ষার্থী ফি (প্রতি পত্র ১০০ X ৭)   | ৭০০/-   | ১০০/- প্রতি পত্র |
| ২         | ইনকোর্স পরীক্ষার বিশ্ববিদ্যালয় ফি    | ১০০/-   |                  |
| ৩         | কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী)        | ৪৫০/-   | ৪৫০/-            |
| ৪         | ইনকোর্স পরীক্ষার কলেজ ফি              | ২০০/-   |                  |
| ৫         | বেতন (২৫ X ১২)                        | ৩০০/-   | --               |
| ৬         | ব্যবস্থাপনা ফি, সেশন চার্জ ও অন্যান্য | ১৯৫৫/-  | ব্যব: ফি: ৫০/-   |
| ৭         | সোনালী সেবা                           | ৫/-     | ৫/-              |
| ৮         | বিশেষ অন্তর্ভুক্তি ফি বিশ্ববিদ্যালয়  | -       | ৩০০/-            |
|           | মোট =                                 | ৩৭১০/-  |                  |

বিঃদ্রঃ অনিয়মিত যে সকল শিক্ষার্থী পূর্বে ২য় বর্ষের ফরম পূরণ করে নাই তাহারা অতিরিক্ত ১৮৫৫/-টাকা (শিক্ষা সফর ফি ও ব্যবস্থাপনা ফি ব্যাতিত) দিয়ে পূণ:ভর্তি হয়ে ফরমপূরণ করবে।

\*উল্লেখ্য অনলাইন ফরম এ উল্লিখিত ফি সহ কলেজ কর্তৃক নির্ধারিত অন্যান্য ফিসাদি কলেজ ব্যাংক কাউন্টারে রসিদ বই এর মাধ্যমে জমা দিতে হবে। অনলাইন আবেদন ফরম (ছবিসহ), রেজিঃ কার্ড ও রসিদ বহির ফটোকপি সংযুক্ত করে কলেজ অফিসে জমা দিতে হবে। মান উন্নয়নের ক্ষেত্রে ফলাফলের কপি সংযুক্ত করতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর) :

- ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৯ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকপত্রসহ নৈর্বচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

খ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর) :

- ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৯, ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৯, ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকপত্রসহ নৈর্বচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

গ) অকৃতকার্য ও মানোন্নয়ন :

- ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী যারা ২০১৯, ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্র/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৯ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্র/কোর্সে C গ্রেড বা D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ দু'টি কোর্স/পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) :

- ২০১৯, ২০১৮ ও ২০১৭ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীগণ যারা ২০১৯, ২০১৮ ও ২০১৭ ও সালের ১ম বর্ষের পরীক্ষায় ১ম ও ২য় পত্রে Promoted (উত্তীর্ণ) হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

প্রতিষ্ঠান

২৬-০১-২২  
অধ্যক্ষ

আযম খান সরকারি কমার্স কলেজ  
খুলনা।

২৬/০১/২০২২  
আহবায়ক

ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা-২০২০  
আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা।